

মটর

জাত :- আর্কেল, এন . পি ২০ , জে. পি -১৯ , পি - ৮৮ , রচনা ।

বীজ বোনার সময় :- আশ্বিন - অগ্রহায়ন মাস ।

বীজের পরিমাণ :- ৮-১২ কেজি প্রতি কানি ।

বীজ শোধন :- হালকা বোন্দেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে ।

জীবানু সার প্রয়োগ :- রাইজোবিয়াম জীবানু সার ২০০ গ্রাম প্রতি কেজি বীজের সাথে ভাল ভাবে মাখাতে হবে। জীবানু সার প্রয়োগের আধ ঘন্টা পর বীজ বোনার জন্য তৈরী হয়ে যাবে ।

জমি তৈরী :- তিন থেকেচার বার ভাল ভাবে চাষ দিয়ে এবং মই দিয়ে মাটি মোটামুটি মাঝারী বুঝিয়ে তৈরি করুন। আগাছা পরিষ্কার করুন। সেচ ও জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করুন।

কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

গোবর সার বা খামার পঁচা সার - ৮০০ কেজি,
ইউরিয়া - ৭ কেজি,
সুপার ফসফেট - ৪০ কেজি,

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে বাকি সব সার মূল জমি তৈরি করার সময় প্রয়োগ করুন ।

বীজ বপনের দূরত্ব :- সারি থেকেসারি ৩০ সেমি, এবং বীজ থেকেবীজের দূরত্ব ১৫ সেমিঃ বজায় রাখুন।

অস্তবর্তী পরিচর্যা :- বীজ বপনের ২০ থেকে ২৫ দিন পর ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিষ্কার করুন । সারির মধ্যে গাছ থেকে গাছের দূরত্ব ১৫ সেমি, বজায় রেখে অতিরিক্ত চারা তুলে ফেলুন ।

জমিতে হালকা জলসেচের ব্যবস্থা করুন ।

সময় কাল :- ১০০ - ১১০ দিনের ফসল ।

উৎপাদন :- কানি প্রতি উৎপাদন ২০০ - ২৫০ কেজি ।

হোলা

জাত :- মহামায়া - ১ , মহামায়া - ২ , অনুরাধা , এন. পি - ২০৯ ।

বীজ বোনার সময় :- কার্তিক মাস ।

বীজের পরিমাণ :- ৮ কেজি প্রতি কানি ।

বীজ শোধন :- হালকা বোন্দেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে ।

জীবানু সার প্রয়োগ :- রাইজোবিয়াম জীবানু সার ২০০ গ্রাম প্রতি কেজি বীজের সাথে ভাল ভাবে মাখাতে হবে। জীবানু সার প্রয়োগের আধ ঘন্টা পর বীজ বোনার জন্য তৈরী হয়ে যাবে । জমি তৈরী :-

তিন থেকেচার বার ভাল ভাবে চাষ দিয়ে এবং মই দিয়ে মাটি মোটামুটি মাঝারী করে বুঝিয়ে জমি তৈরি করুন। আগাছা পরিষ্কার করুন। সেচ ও জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করুন।

কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

গোবর সার বা খামার পাঁচা সার - ৮০০ কেজি,
ইউরিয়া - ৭ কেজি,
সুপার ফসফেট - ৪০ কেজি,

গোবর সার বা খামার পাঁচা সার প্রথম চাষে বাকি সব সার মূল জমি তেরি করার সময় প্রয়োগ করুন।

বীজ বপনের দূরত্ব :- ারি থেকে সারি ৩০ সেমি, এবং বীজ থেকে বীজের দূরত্ব ১৫ সেমিঃ বজায় রাখুন।

অন্তর্বর্তী পরিচর্যা :- বীজ বপনের ২০ থেকে ২৫ দিন পর ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিষ্কার করুন। সারির মধ্যে গাছ থেকে গাছের দূরত্ব ১৫ সেমি, বজায় রেখে অতিরিক্ত চারা তুলে ফেলুন। জমিতে হালকা জলসেচের ব্যবস্থা করুন।

সময় কাল :- ১০০ - ১১০ দিনের ফসল।

উৎপাদন :- কানি প্রতি উৎপাদন ২৫০ - ৩৫০ কেজি।